



## অনার্স ১ম বর্ষ ভর্তি (২০২১-২০২২)

### ভর্তি বিজ্ঞপ্তি

তারিখ : ২২/০৬/২০২২ খ্রি.

২০২১-২০২২ শিক্ষাবর্ষে অনার্স ১ম বর্ষ (নিয়মিত) কোর্সে ভর্তির জন্য মনোবিজ্ঞান বিভাগের ১ম মেধা তালিকায় স্থানপ্রাপ্ত ছাত্র-ছাত্রীদের নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী ভর্তির নির্দেশ দেয়া যাচ্ছে।

### ভর্তি সময়সূচি

তারিখ	সময়	স্থান
২০/০৬/২০২২ থেকে ২৮/০৬/২০২২ পর্যন্ত	সকাল ১০.০০ টা হতে দুপুর ২.০০টা পর্যন্ত	মনোবিজ্ঞান বিভাগ

\* ভর্তি ফি: DBBL মোবাইল ব্যাংকিং-এ জমা: ৭,১৯৬/- (সাত হাজার একশত ছিয়ানব্বই টাকা) মাত্র।

### ভর্তি কাগজের বিবরণ ও অন্যান্য নির্দেশনা

- উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষার মূল নম্বরপত্র বিভাগীয় প্রধানের নিকট দেখাতে হবে এবং অধ্যয়নকালীন বিভাগে জমা থাকবে।
- মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষার নম্বরপত্র, রেজি.কার্ড, প্রশংসাপত্র এবং ভর্তির প্রাথমিক আবেদনপত্রের প্রত্যেকটির ০১ (এক) কপি করে ফটোকপি অনলাইন আবেদন ফরমের College কপির সঙ্গে সংযুক্ত করতে হবে।
- অনলাইন ভর্তি ফরমের নির্দিষ্ট স্থানে সদ্য তোলা পাসপোর্ট আকারের ৪ (চার) কপি সত্যায়িত ছবি সংযুক্ত করতে হবে।
- অনলাইন ভর্তির ফরমের স্টুডেন্ট কপি অধ্যক্ষ/দায়িত্ব প্রাপ্ত শিক্ষকের স্বাক্ষর ও সীলসহ শিক্ষার্থী ফেরত পাবে।
- DBBL মোবাইল এ্যাকাউন্টে টাকা জমা দিয়ে প্রাপ্ত Trx ID এবং www.rc.edu.bd ওয়েবসাইটে online admission Login অপশনে প্রবেশ করে রেফারেন্স ID এবং নিজস্ব পাসওয়ার্ড ব্যবহার পূর্বক Confirmation Slip ডাউনলোডকৃত প্রিন্ট কপি ভর্তি ফরমের সঙ্গে বিভাগে জমা দিতে হবে।
- মনোবিজ্ঞান বিভাগের তথ্য ফরম (স্ব-হস্তে পূরণকৃত) এর সঙ্গে ১ কপি পাসপোর্ট সাইজের রসিদ ছবি যুক্ত করতে হবে।
- সংশ্লিষ্ট সকলকে কোভিড-১৯ মহামারি সম্পর্কিত সকল স্বাস্থ্যবিধি মেনে এ ভর্তির কার্যক্রম সম্পন্ন করতে হবে।


## কলেজ আইডি কার্ড বাবদ বিভাগীয় রশিদে ১৫০/- (একশত পঞ্চাশ টাকা) জমা দিতে হবে।

### কাগজ সাজানো ক্রম

অনলাইন Admission Form -এর সাথে নিম্ন ক্রমে কাগজসমূহ সাজিয়ে জমা দিতে হবে

১. অনলাইন Admission Form -এর College কপি - ১টি;
২. অনলাইন Admission Form -এর College কপির সাথে সদ্য তোলা পাসপোর্ট আকারের ছবি যুক্ত করতে হবে - ২টি;
৩. Admission Confirmation Slip -এর প্রিন্ট কপি - ১টি;
৪. প্রাথমিক Application Form -এর ফটোকপি - ১টি;
৫. এস.এস.সি./সমমান পরীক্ষার নম্বরপত্র, রেজি.কার্ড, প্রশংসাপত্রের প্রত্যেকটির ফটোকপি - ১টি;
৬. এইচ.এস.সি./সমমান পরীক্ষার নম্বরপত্র, রেজি.কার্ড, প্রশংসাপত্রের প্রত্যেকটির ফটোকপি - ১টি।

বি: দ্র: এ মর্মে সতর্ক করা যাচ্ছে যে, ভর্তিচ্ছু কোন প্রার্থী ভর্তি সংক্রান্ত সঠিক তথ্য গোপন রেখে জাতীয় বিশ্ববিদ্যালয়ের বিধি লঙ্ঘন করে ভর্তি হলে এবং এ বিষয়ে পরবর্তীতে কোন (দ্বৈত ভর্তি) জটিলতা দেখা দিলে কলেজ কর্তৃপক্ষ দায়ী থাকবে না। সংশ্লিষ্ট প্রার্থীই এ বিষয়ে সম্পূর্ণরূপে দায়ী থাকবে।

  
22.06.2022

বিভাগীয় প্রধান  
মনোবিজ্ঞান বিভাগ